গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২৩-২৪ কাওরান বাজার, ঢাকা- ১২১৫।
www.dife.gov.bd

সুস্থ শ্রমিক, নিরাপদ জীবন
নিশ্চিত করে টেকসই উন্নয়ন

নং- ৪০.০১.০০০০.১০৩.১৫.০০১.১৭.২২৭

তারিখঃ ০৮ জৈষ্ঠ' ১৪২৬ / ২২ মে' ২০১৯ ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বাস্তবায়নাধীন আর্ন্তজাতিক শ্রম সংস্থা (আইএলও) এর অর্থায়নে **"Strengthening Labour Inspection System of Bangladesh including gender, communication, knowledge management and OSH"** এর অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালের (ডিসেম্বর' ২০২০ পর্যন্ত) জন্য নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে উল্লেখিত শর্তে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে দায়িত্ব ও ভূমিকা পালন করতে হবে |
|---|---|---|---|---|
| ০১ | প্রজেক্ট কোঅর্ডিনেটর (Project Coordinator) | ০১ | **কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।** সরকারী/বেসরকারী উন্নয়ন প্রকল্পে কমপক্ষে **সাত (০৭)** বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে শ্রম পরিদর্শন / শ্রম আইন পেশাগত স্বাস্থ্য ও সেইফটি (OSH) বিষয়ক কাজে অভিজ্ঞ হতে হবে। | প্রকল্প কাজের সমন্বয় সাধন, প্রকল্পের জনবলের কার্যাবলী তত্বাবধান, পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক কাজের বাস্তবায়ন এবং ইংরেজি ও বাংলায় প্রতিবেদন তৈরী, যথা সময়ে প্রকল্প প্রতিবেদন জমা দান ইত্যাদি। কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word & Excel Processing / Data Entry ও Typing, কম্পিউটার চালনায় পারদর্শিতা। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা এর সরাসরি তত্বাবধানে এবং সংশ্লিষ্ট আইএলও কর্মকর্তাদের সংগে ঘনিষ্ঠভাবে থেকে আরএমজি প্রকল্প সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করতে হবে। |
| ০২ | লেবার ইন্সপেকসান অফিসার (Labour Inspection Officer) | ০১ | **কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী** সরকারী / বেসরকারী উন্নয়ন প্রকল্পে কমপক্ষে **পাঁচ (০৫)** বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে শ্রম পরিদর্শন / শ্রম আইন অভিজ্ঞ হতে হবে। | শ্রম পরিদর্শন বিষয়ক প্রকল্প কাজের বাস্তবায়ন। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার (DIFE Officials) সাথে শ্রম পরিদর্শন বিষয়ক কাজের সমন্বয় সাধন এবং ইংরেজি ও বাংলায় প্রতিবেদন তৈরী, যথা সময়ে প্রকল্প প্রতিবেদন জমা দান ইত্যাদি। কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word & Excel Processing / Data Entry ও Typing, কম্পিউটার চালনায় পারদর্শিতা। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা এর সরাসরি তত্বাবধানে এবং সংশ্লিষ্ট আইএলও কর্মকর্তাদের সংগে ঘনিষ্ঠভাবে থেকে আরএমজি প্রকল্প সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করতে হবে। |
| ০৩ | আইটি অফিসার (IT Officer) | ০১ | **কম্পিউটার সাইন্স (Computer Science), আইটি (IT), এমআইএস (MIS) বিষয়ে বিশ্ববিদ্যালয়ের কমপক্ষে ২য় শ্রেনীর স্নাতক ডিগ্রী।** কম্পিউটার ব্যবহারে কর্মকর্তাদের সহায়তা দিতে Windows and Linux Server এর সাথে LAN ব্যবস্থাপনা কাজে কমপক্ষে **পাঁচ (০৫)** বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | LAN and Server সুষ্ঠুভাবে চালাতে এবং LIMA ও অন্যান্য Applications সুষ্ঠুভাবে পরিচালনা করতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে সহায়তাদান। LIMA ও অন্যান্য Applications এর জন্য নিয়মিত ডাটা ব্যাক আপ নেয়া ও রক্ষণাবেক্ষন, ইংরেজি ও বাংলায় প্রতিবেদন তৈরী, যথা সময়ে প্রকল্প প্রতিবেদন জমা দান ইত্যাদি। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা এর সরাসরি তত্বাবধানে এবং সংশ্লিষ্ট আইএলও IKMS কর্মকর্তাদের সংগে ঘনিষ্ঠভাবে থেকে Information and Knowledge Management বিষয়ে ফোকাল পয়েন্ট হিসেবে কার্যক্রম সম্পাদন করতে হবে। |
| ০৪ | প্রজেক্ট সাপোর্ট অফিসার (Project Support Officer) | ০১ | **কমপক্ষে স্নাতক ডিগ্রী।** সরকারী / বেসরকারী উন্নয়ন প্রকল্পে কমপক্ষে **তিন (০৩)** বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | প্রশাসনিক ও আর্থিক রেকর্ডস তৈরী করা ও রক্ষণাবেক্ষন, প্রকল্প কার্যাদি বিষয়ক সভার কার্যবিবরনী, ওয়ার্কশপ প্রতিবেদন এবংঅন্যান্য দলিলাদি তৈরী করা ও রক্ষণাবেক্ষন। প্রজেক্ট কোঅর্ডিনেটর, লেবার ইন্সপেকশন অফিসার, আইটি অফিসার, অর্থ কর্মকর্তাকে প্রতিবেদন তৈরীতে ও যথা সময়ে জমা দানে সহায়তা। |

শর্তাবলীঃ

১. আগ্রহী প্রার্থীদের স্বাক্ষরিত আবেদনপত্র ও পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (অবশ্যই মোবাইল নং, ইমেইল ও সংশ্লিষ্ট ঠিকানা উল্লেখ থাকতে হবে ), স্বহস্তে অথবা কম্পিউটার টাইপের (বাংলা ও ইংরেজি উভয় হতে পারে) আবেদন করা যাবে, প্রার্থীর পূর্ণ ঠিকানা সম্বলিত দশ (১০) টাকা মূল্যমানের ডাকটিকেট যুক্ত ফেরত খাম সহ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স , ২৩-২৪ কাওরানবাজার, ঢাকা-১২১৫ বরাবর আগামী ১৬ জুন' ২০১৯ তারিখ (বিকাল ৫-০০ ঘটিকা) অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে ।

২. দাখিলকৃত আবেদন যাচাই পূর্বক যোগ্য বিবেচিত প্রার্থীদের সংক্ষিপ্ত তালিকা (Short list) প্রস্তুত করত: লিখিত/মৌখিক পরীক্ষার অথবা উভয়ই জন্য আহবান করা হবে।

৩. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদের ফটোকপি ও পাসপোর্ট সাইজের তিন (০৩) কপি ছবি আবেদন পত্রের সাথে যুক্ত করতে হবে । সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।

৪. ক) প্রার্থীদের বয়স ১৬ জুন ২০১৯ তারিখে অনুর্ধচল্লিশ (৪০) হতে হবে । অধিক অভিজ্ঞতা সম্পর্ন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

খ) বেতন আলোচনা সাপেক্ষে নিধারিত হবে।

গ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম ও নিজ জেলা উল্লেখ থাকতে হবে ।

৬. আবেদন পত্রে কোন ভুল তথ্য প্রদান করা হলে / কোন প্রকার জালিয়াতির আশ্রয় গ্রহন করা হলে আবেদন পত্র বাতিল বলে গন্য হবে ।

৭. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞাপিত পদ সংখ্যা কম / বেশী করার ক্ষমতা সংরক্ষন করেন ।

৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে ।

৯. উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে ।

১০. প্রকল্পের মেয়াদ পর্যন্ত চাকুরীর সময়সীমা বলবৎ থাকবে।

১১. বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।

ওয়েব সাইটের ঠিকানা: www.dife.gov.bd.

মোঃ জয়নাল আবেদীন
(যুগ্ম সচিব)
অতিরিক্ত মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ও
আহ্বায়ক, নিয়োগ কমিটি

**বিতরনঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১) সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, বাংলাদেশ।

২) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

৩) তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি দপ্তরের ওয়েবসাইট এ প্রকাশ করার জন্য অনুরোধ সহ)।

৪) প্রোগ্রাম অফিসার, আইএলও আরএমজি প্রকল্প, ঢাকা।

৫) বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক আলোকিত বাংলাদেশ , ১৫১/৭, গ্রীন রোড (৫ম-৬ষ্ট তলা), ঢাকা-১২০৫ (আগামী ২৬.০৫.২০১৯ তারিখের মধ্যে ভিতরের পাতায় ১২" X ৪ কলাম প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৬) বিজ্ঞাপন ব্যবস্থাপক, বাংলাদেশ প্রতিদিন, প্লট নং ৩৭১/এ, ব্লক- ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯ (আগামী ২৬.০৫.২০১৯ তারিখের মধ্যে ভিতরের পাতায় ১২" X ৪ কলাম প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৭) বিজ্ঞাপন ব্যবস্থাপক, The Independent, Baximco media complex, 149-150 Tejgaon I/A, Dhaka-1208. (আগামী ২৬.০৫.২০১৯ তারিখের মধ্যে ভিতরের পাতায় ১২" X ৪ কলাম প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৮) বিজ্ঞাপন ব্যবস্থাপক, www.bdjobs.com , Kawranbazar, Dhaka. (আগামী ২৬.০৫.২০১৯ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।